بسم الله الرحمن الرحيم

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bangladoot.org
Website : www.bangladoot.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

6 December, 2010

Bangladesh Ambassador Presents copies of Letters of Credence to the Mexican Chief of Protocol.

H.E. Mr. Akramul Qader, Ambassador-designate of Bangladesh to Mexico with residence in Washington DC, presented the copies of the Letters of Credence to Ambassador Jorge Castro Valle, Chief of Protocol of the Mexican Foreign Ministry on 6 December,2010. Held at the Moon Palace, Cancun where the 16th meeting of the UNFCCC is taking place, the ceremony was also attended by Mr. Armando Alvarez Reina,
Director General for Asia Pacific of the Ministry. On the Bangladesh side, Mr. Muhamamd Nazmul Hoque, First Secretary and Mr. Nirupam Deb Nath, Second Secretary were in attendance.

After presenting the copies of the Letters of Credence, both sides discussed issues of mutual interest and ways to further bilateral relations between the two friendly countries. During the meeting, Mexican side informed that a business delegation will visit India soon, and they would like the delegation tag Bangladesh during their Asia tour. Recognizing potentials in exploring new areas of cooperation particularly in the field of trade, Bangladesh Ambassador expressed his intention to work to further strengthen the relationship both in depth and dimension.

Congratulating the Ambassador for becoming functional as Bangladesh Envoy to Mexico, the Chief of Protocol welcomed him to Cancun which has received heightened media attention globally for the on-going UN Climate Conference(COP-16). Ambassador Qader, who is also a member of the Bangladesh delegation for the Conference, appreciated the efforts of the Mexican Government in organizing such a major event

successfully. While touching on the importance Bangladesh attaches on the climate issue, Ambassador Qader informed that Bangladesh delegation is composed of more than 100 members, drawn from both public and private sectors which is being led by H.E. Dr. Hasan Mahmud,MP, State Minister, Government of Bangladesh. He added that Bangladesh, one of the most vulnerable countries, has been playing a constructive and lead role among the LDCs in global climate discourse under the leadership of the Honorable Prime Minister Sheikh Hasina. As regards expectation of the Bangladesh from the COP-16, Ambassador Qader said that even the meeting fails to reach to any legally-binding agreement for emission cuts, he would be personally happy to see concrete commitments are made by the Parties in the fields of technology transfer, adaptation, climate financing and mitigation.

Contact : Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071 , Fax : 202-244-2771\7830, e-mail : pressministerwash@yahoo.com

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

ডিসেম্বর ৬, ২০১০

যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত কর্তৃক মেক্সিকোর রাষ্ট্রাচার প্রধানের নিকট পরিচয়পত্র পেশ

মেক্সিকোর পররাষ্ট্র মন্ত্রণালয়ের **রাষ্ট্রাচার প্রধান (চীফ অব** প্রটোকল) রাষ্ট্রদূত জর্জ ক্যাস্ট্রো ভ্যালে-এর নিকট যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব আকরামুল কাদের ৬ ডিসেম্বর, ২০১০ পরিচয়পত্র পেশ করেন। জাতিসংঘ জলবায়ু সম্মেলন (কপ-১৬) এর স্বাগতিক শহর কানকুন এর মুন সম্মেলন কেন্দ্রে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেক্সিকোর পররাষ্ট্র মন্ত্রণালয়ের এশিয়া প্রশান্ত বিভাগের মহাপরিচালক আরমান্দো আলভারেজ রেইনা। উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন দূতাবাসের প্রথম সচিব জনাব মোহাম্মদ নাজমুল হক এবং দ্বিতীয় সচিব জনাব নিরুপম দেবনাথ।

পরিচয়পত্র প্রদানের পর তাঁরা পারস্পরিক স্বার্থ এবং বন্ধুপ্রতীম দু'দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়ন বিষয়ে আলোচনা করেন। বৈঠকে মেক্সিকোর পক্ষ থেকে জানানো হয় যে, একটি ব্যবসায়ী প্রতিনিধিদল শীঘ্র ভারত সফরে যাবেন এবং এশিয়া সফরের সময়ে তারা বাংলাদেশকেও অন্তর্ভূক্ত করবেন। দু'দেশের সম্পর্কের ক্ষেত্রে সম্ভাবনার কথা উল্লেখ করে বিশেষ করে বাণিজ্যিক ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্ক আরো শক্তিশালী ও জোরদার করার উপরে বাংলাদেশের রাষ্ট্রদূত গুরুত্ব আরোপ করেন।

মেক্সিকোর রাষ্ট্রাচার প্রধান রাষ্ট্রদূত আকরামুল কাদেরকে মেক্সিকোতে বাংলাদেশের অনাবাসিক রাষ্ট্রদূত হিসেবে কার্যকর হওয়ার জন্য অভিনন্দন জানান। কানকুনে চলমান জাতিসংঘ জলবায়ু সম্মেলনের প্রতি বিশ্ববাসীর দৃষ্টি নিবদ্ধ রয়েছে উল্লেখ করে রাষ্ট্রদূত কাদের সম্মেলন সফলতার সাথে আয়োজন করার জন্য মেক্সিকো সরকারের প্রশংসা করেন। পরিবেশ বিষয়ক মন্ত্রণালয়-এর মাননীয় প্রতিমন্ত্রী ডঃ হাছান মাহমুদ এম.পি.-এর নেতৃত্বে এ জলবায়ু সম্মেলনে বাংলাদেশের ১০০ জনেরও বেশী সরকারী এবং বেসরকারী প্রতিনিধি সম্মেলনে যোগদান করছেন বলে রাষ্ট্রদূত কাদের জানান। তিনি আরও বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট চ্যালেঞ্জ মোকাবেলায় পৃথিবীর স্বল্পোন্নত দেশগুলোর মধ্যে বাংলাদেশ গঠনমূলক এবং নেতৃস্থানীয় ভূমিকা পালন করে আসছে। চলমান জলবায়ু সম্মেলনকে ঘিরে বাংলাদেশের প্রত্যাশা সম্পর্কে রাষ্ট্রদূত কাদের উল্লেখ করেন যে এ সম্মেলনে সদস্য রাষ্ট্রসমূহ ধোঁয়া নির্গমন বিষয়ক বাধ্যবাধকতাপূর্ণ কোন আইনী দলিল স্বাক্ষর সক্ষম না হলেও প্রযুক্তি হস্তান্তর, অভিযোজন, পরিবেশ অর্থায়ন এবং মিটিগেশন বিষয়ে সুনির্দিষ্ট অঙ্গীকার প্রদানে সক্ষম হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন ঃ ২০২-২৪৪-৫০৭১, ফাক্স ঃ ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল ঃ pressministerwash@yahoo.com